

চবিতে বাম জোটের মিছিলে ছাত্রলীগের হামলায় আহত ৭

চবি প্রতিনিধি | ১৩ মার্চ ২০১৯ ০৯:০৫



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ক্যাম্পাসে বাম ছাত্র সংগঠনের নেতাকর্মীদের মিছিলে ছাত্রলীগকর্মীদের হামলায় আটজন আহত হয়েছে বলে অভিযোগ উঠেছে। ডাকসু নির্বাচন প্রত্যাখ্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাকা ছাত্র ধর্মঘটের সমর্থনে গতকাল মঙ্গলবার দুপুরে চবির কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে বাম জোটের মিছিলে এই হামলার ঘটনা ঘটে।

হামলায় আহতরা হলেন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের চবি শাখার সভাপতি আবিদ খন্দকার, সাধারণ সম্পাদক সাইমা আক্তার নীপা ও সাংগঠনিক সম্পাদক জান্নাতুল মাওয়া মুমু, চবি ছাত্র ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক মাহবুবা জাহান রুমি ও অর্থনীতি বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের ছাত্র রাজেশ্বর দাশগুপ্ত, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের সংস্কৃত বিভাগের জনি কান্ত রায় ও নাট্যকলা বিভাগের মুশফিক উদ্দিন ওয়াসি। আহতদের প্রথমে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে চিকিৎসা দেওয়া হয়; পরে গুরুতর আহতদের চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের চবি শাখার সভাপতি আবিদ খন্দকার বলেন, আমাদের ওপর হামলা করেছে ছাত্রলীগের কর্মীরা। তারা হামলার সময় বলেছে, ভবিষ্যতে চবি ক্যাম্পাসে মিছিল-মিটিং করতে হলে ছাত্রলীগের অনুমতি লাগবে। এ ছাড়া ছাত্রীদের অশালীন ভাষায় গালাগাল করে। এ ব্যাপারে চবি ছাত্রলীগের বিলুপ্ত কমিটির উপদত্তর সম্পাদক মিজানুর রহমান বিপুল বলেন, বাম সংগঠনের নেতাকর্মীরা ছাত্রলীগের বিরুদ্ধে আপত্তিকর স্লোগান দিচ্ছিল। সেটা সহ্য করতে পারেনি ছাত্রলীগের কর্মীরা।

চবির প্রক্টর অধ্যাপক আলী আজগর চৌধুরী বলেন, প্রগতিশীল ছাত্রজোট যে ক্যাম্পাসে কর্মসূচি পালন করবে, সেটা আমাদের আগে থেকে জানানো হয়নি। আগে থেকে জানলে আমরা নিরাপত্তার ব্যবস্থা করতাম